ঝিনাইদহে নীতিমালা বাস্তবায়ন বিষয়ক র্যালি

ভেজাল পণ্য বিক্রয় থেকে বিরত থাকি নির্ধারিত মূল্যে পণ্য বিক্রয় করি, এই শ্লোগান দিয়ে ঝিনাইদহ জেলার প্রসাধনী ও মুদি ব্যবসায়ী সমিতির পক্ষ থেকে র্যালী বের করা হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন প্রসাধনী ও মুদি ব্যবসায়ী সমিতির ঝিনাইদহ জেলা কমিটির সহ-সভাপতি সুবির কুমার, সহ-সভাপতি মোঃ মনোয়ার হোসেন বাচ্চু, এবং সাধারণ সম্পাদক মোঃ মুক্তার হোসন। র্যালিটি বাস টার্মিনাল, আরাপপুর পায়রাচত্বর হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরিশেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে করোনার ভ্যাকসিন পৌছেছে

ঝিনাইদহে প্রথম ধাপে ৬০ হাজার ডোজ করোনার ভ্যাকসিন পৌছেছে। শুক্রবার দুপুরে বেক্সিমকো কোম্পানীর ফ্রিজার ভ্যান যোগে ভ্যাকসিন পৌঁছায়। সিভিল সার্জনের কার্যালয় চত্বরে এ ভ্যাকসিন গ্রহণ করেন সিভিল সার্জন ডা: সেলিনা বেগম। এসময় জেলা প্রশাসন, পুলিশ বিভাগ ও ঔষধ প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সিভিল সার্জন বলেন, প্রথম ধাপে ৫ টি কার্টুনে ৬০ হাজার ডোজ ভ্যাকসিন বুঝে নেওয়া হয়েছে। এটি ইপিআই ভবনের স্টোর রুমে রাখা হয়েছে। আগামী ১ এবং ২ ফেব্রুয়ারি সিভিল সার্জন অফিসে প্রশিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হবে। পরবর্তীতে প্রশিক্ষকবৃন্দ উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ প্রদাণ করবেন। আশা করছি আগামী ৭ ফেব্রুয়ারি থেকে পর্যায়ক্রমে অগ্রাধিকারভুক্ত উদ্দিষ্ট ব্যক্তিদের এই ভ্যাকসিন প্রয়োগ শুরু হবে।

নিচ্ছিদ্র নিরাপত্তায় হরিণাকুণ্ডুতে ভোট

সকল প্রচারণা শেষে এবার ব্যালটের লড়াই তৃতীয় ধাপের নির্বাচনে ৩০ জানুয়ারী ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভার ভোট গ্রহন অনুষ্ঠিত হবে। সকাল ৮ টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিরতিহীন ভাবে চলবে ভোট গ্রহণ। যে শহর রাত ১২টা পর্যন্ত মাইক আর মিছিলের শব্দে মূখর থাকতো তা বন্ধ হয়ে গেছে ২৮তারিখ রাত ১২টা থেকে। এখন অপেক্ষা শুধু ভোট প্রয়োগের তারপর নির্ধারিত হবে কে পরবে জয়ের মুকুট।

নিরাপত্তার চাঁদরে ঢাকাথাকবে পুরা পৌর এলাকা নির্বাচনে এক প্লাটুন (স্ট্রাইকিং) বিজিবি ফোর্স টহলে থাকবে। ৫টি টহল টিমে প্রতি টিমে একজন ম্যাজিট্রেট থাকবেন, এছাড়াও ৯ টি কেন্দ্রে ৯ জন নির্বাহী ম্যাজিষ্ট্রেট সার্বক্ষানীক দায়িত্বে থাকবেন, সাথে পুলিশ, আনসার, ভিডিপি সদস্য প্রতিটি কেন্দ্রে পর্যাপ্ত পরিমান নিয়োজিত থাকবে। শঙ্কা, ভয়হীন, অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে ভোট প্রদান করার প্রতিশ্রুতি দিচ্ছেন প্রশাসন। এছাড়া দুদিন আগেই জেলা নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং অফিসার রোকনুজ্জামান বলেছেন ৩০ জানুয়ারী নির্বাচন চলাকালীন নিরাপত্তার চাঁদরে ঢাকা থাকবে হরিণাকুণ্ডু পৌরসভার সকল কেন্দ্র ও তার আশপাশের এলাকা।

হরিণাকুন্ডু পৌরসভায় মোট ভোটার সংখ্যা ১৭ হাজার ৭৬ জন। মহিলা ৮৬৮৩ পুরুষ ৮৩৯৩জন । ভোটকেন্দ্রের সংখ্যা ০৯টি। পৌরসভায় মেয়র পদে ক্ষমতাসীন আওয়ামী লীগ, বিএনপি, ইসলামী আন্দোলন বাংলাদেশ ও স্বতন্ত্রসহ ৪জন, সাধারণ কাউন্সিলর পদে ২৭জন এবং সংরক্ষিত কাউন্সিলর পদে ১১জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।
নির্বাচন সুষ্ঠু হওয়া নিয়ে শঙ্কা প্রকাশ করেছেনে অনেক মেয়র ও কাউন্সিলর প্রার্থীগণ। তবে এমন শঙ্কা বা অভিযোগ উড়িয়ে দিয়েছেন প্রশাসনের পক্ষ থেকে। ভোটাররা সেন্টারে গিয়ে তার পছন্দের প্রার্থীকে ভোট দিয়ে প্রতিনিধি নির্বাচিত করবেন এটাই সকলের প্রত্যাশা।

ঝিনাইদহে ট্রাক চাপায় মোটর সাইকেল আরোহি নিহত

ঝিনাইদহ সদর উপজেলার মধুপুর নামক স্থানে ট্রাক চাপায় ইমন আহম্মেদ রবিন (১৮) নামের এক মোটর সাইকেল আরোহি নিহত হয়েছে।২৯/০১/২১ রোজ
শুক্রবার আনোমানিক ১ঃ৩০ মিনিটে ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের ওই স্থানে দুর্ঘটনা ঘটে। নিহত রবিন শহরের ব্যাপারীপাড়ার রবিউল ইসলামের ছেলে।
ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, শুক্রবার দুপুরে রবিন মোটর সাইকেল যোগে মধুপুর থেকে ঝিনাইদহে ফিরছিল। পথে ঘটনাস্থলে পৌঁছালে পেছন দিক থেকে আসা একটি মাইক্রোবাস তাকে ধাক্কা দিলে রাস্তার উপর ছিটকে পড়ে। এসময় বিপরীত আসা একটি ট্রাক তাকে চাঁপা দিয়ে পালিয়ে যায়। খবর পেয়ে ঝিনাইদহ ফায়ার সার্ভিসের কর্মীরা তাকে উদ্ধার করে সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষনা করেন।

আশার আলো হয়ে করোনার ভ্যাকসিন পৌঁছেছে ঝিনাইদহে

ঝিনাইদহে প্রথম ধাপে ৬০ হাজার ডোজ করোনার ভ্যাকসিন পৌঁছেছে। শুক্রবার দুপুরে বেক্সিমকো কোম্পানীর ফ্রিজার ভ্যান যোগে আশার আলো হয়ে করোনার ভ্যাকসিন পৌঁছায়। সিভিল সার্জনের কার্যালয় চত্বরে এ ভ্যাকসিন গ্রহণ করেন ঝিনাইদহ সিভিল সার্জন ডা: সেলিনা বেগম। এসময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসন, পুলিশ বিভাগ ও ঔষধ প্রশাসনের কর্মকর্তারা।সিভিল সার্জন বলেন, প্রথম ধাপে ৫টি কার্টুনে ৬০ হাজার ডোজ ভ্যাকসিন বুঝে নেওয়া হয়েছে। এটি ইপিআই

ভবনের স্টোর রুমে রাখা হয়েছে। আগামী ১ এবং ২ফেব্রুয়ারি সিভিল সার্জন অফিসে প্রশিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হবে। পরবর্তীতে প্রশিক্ষকবৃন্দ উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ প্রদাণ করবেন। আশা করছি আগামী ৭ ফেব্রুয়ারি হতে পর্যায়ক্রমে অগ্রাধিকার ভিত্তিতে প্রাপ্য ব্যক্তিদের এই ভ্যাকসিন দেওয়া শুরু হবে।

কোটচাঁদপুর ভোট চাইলেন কেন্দ্রীয় নেতা

তৃতীয় ধাপের পৌর নির্বাচনের শেষ মুহূর্তে প্রচার-প্রচারণায় ব্যস্ত ঝিনাইদহের কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনের মেয়র প্রার্থীরা। করছেন গণসংযোগ, পথসভা সহ মোটরসাইকেল শোভাযাত্রা।

শেষ প্রচারণা হিসেবে আ.লীগের নৌকা প্রতীকের মনোনীত প্রার্থী শাহাজান আলীর নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকালে শহরের পায়রা চত্তরে এই জনসভা অনুষ্ঠিত হয়। পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডলের সভাপতিত্বে জনসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কেন্দ্রীয় আ.লীগের সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আ.লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা আ.লীগের সহ-সভাপতি ও স্থানীয় সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল, উপজেলা আ.লীগের সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ রিয়াজ হোসেনের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাশ, ঝিনাইদহ উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুর রশিদ, জেলা আ.লীগের সাংগঠনিক সম্পাদক অশোক কুমার ধর, কোটচাঁদপুর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, কালিগঞ্জ পৌর মেয়র আশরাফুল ইসলামসহ আ.লীগ এবং অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা। সভায় সকল নেতা-কর্মীদের নৌকার প্রার্থীর পক্ষে কাজ করতে অনুরোধ

জানানো হয়।

সূত্র মতে কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনে ৪ মেয়র প্রার্থী ছাড়াও ৯টি ওয়ার্ডে সাধারণ কাউন্সিলর পদে ৩৪ এবং সংরক্ষিত মহিলা কাউন্সিলর প্রার্থী হিসেবে ১২ জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনে ৯টি ওয়ার্ডে ১৪ টি কেন্দ্রে ২৭ হাজার ৪’শ ৯৩ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। যার মধ্যে পুরুষ ভোটার ১৩ হাজার ৪’শ ৮৫জন এবং মহিলা ভোটার ১৪ হাজার ৮ জন।

কানাডায় পড়তে গিয়ে মারা গেল কালীগঞ্জের মেধাবী ছাত্র সাকিব

উচ্চ শিক্ষা লাভের জন্য বাংলাদেশ থেকে মেধাবী ছাত্র সামিউজ্জামান সাকিব কানাডার মালিতোবার বিশ্ববিদ্যালয় এ্যান্ড কলেজে ভর্তি হয়েছিলেন। ওই কলেজে তিনি ইঞ্জিনিয়ারিং কোর্সের ৪র্থ বর্ষে লেখাপড়া করতেন। অদৃশ্য কারণে তিনি গত ৯ তারিখ থেকে নিখোঁজ ছিলেন।

বিষয়টি তার বন্ধুরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অবহিত করেন। পরে ওই বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে এক শিক্ষক পুলিশকে অবহিত করেন। এরপর কানাডিয়ান পুলিশের তৎপরতায় গত ২৭ জানুয়ারী সাকিবের মরদেহ কলেজের পাশের একটি লেক থেকে উদ্ধার করা হয়।

বিষয়টি গত বুধবার রাতে কানাডিয়ান পুলিশ মোবাইলে সাকিবের বাবাকে নিশ্চিত করেছেন বলে নিহতের পারিবারিকসূত্রে জানা গেছে।

এদিকে মেধাবী সাকিবের এমন খবরে পরিবারের সকলে বাকরুদ্ধ হয়ে পড়েছেন। সাকিব ঝিনাইদহ কালীগঞ্জের উল্যা গ্রামের আছাদুজ্জান আছাদের ছোট পুত্র।

নিহতের বাবা আছাদুজ্জামান জানান, কালীগঞ্জের নলডাঙ্গা ভূষন হাইস্কুল থেকে জেএসসি পাশের পর ঢাকার রেসিডেন্সিয়াল স্কুল

এ্যান্ড কলেজে ভর্তি করেন সাকিবকে। এরপর ওই প্রতিষ্ঠান থেকেই ২০১৪ সালে বিজ্ঞান বিভাগ হতে এসএসসিতে জিপিএ ৫, ২০১৬ সালে এইচএসসিতেও জিপিএ ৫ লাভ করে।

এরপর আইএলটিএস টেস্টে উত্তীর্ণ হয়ে কানাডার মালিতোবা বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিং কোর্সে ভতি হয় সাকিব। সে ওই বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিংয়ে ৪র্থ বর্ষের ছাত্র ছিল। কলেজ নিকটবর্তী একটি বাসার রুম ভাড়া নিয়ে থাকতো। আশপাশে কয়েকটি রুমে বাংলাভাষা-ভাষী কিছু ছেলেরা থাকতো। হঠাৎ গত ৯ তারিখ থেকে পরিবারের কারও সাথে মোবাইলে যোগাযোগ ছিল না সাকিবের।

পরবর্তীতে তার বন্ধুরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও পুলিশকে জানানোর নিখোঁজের ১৭ দিন পর কানাডিয়ান পুলিশ গত বুধবার ওই বিশ্ববিদ্যালয়ের পাশের এক লেকের পাশ থেকে সাকিবের মরদেহ উদ্ধার করে। যা বুধবার রাতেই কানাডিয়ান পুলিশ মোবাইলের মাধ্যমে আমাকে নিশ্চিত করেছেন। মরদেহ এখনও পুলিশ হেফাজতে আছে। মুঠোফোনে আমাকে শুধু এতটুকু বলা হয়েছে।

তিনি আরও বলেন, ২ ছেলের মধ্যে বড় ছেলে হাসিবুজ্জামানকে বিএসসি ইঞ্জিনিয়ারিং পাশ করিয়েছেন। ভাইয়ার মত সাকিবও বড় ইঞ্জিনিয়ার হবে এমন শখ থেকে তাকে কানাডায় পাঠিয়েছিলাম। এখন আমার সব শেষ বলতে বলতে তিনি কান্নায় ভেঙে পড়েন।

শৈলকুপা উপজেলা উপ-নির্বাচনে জনপ্রিয়তায় এগিয়ে শিমুল

আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২১ইং শৈলকুপা উপজেলার উপ-নির্বাচনে চেয়ারম্যান পদে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন প্রত্যাশী ঝিনাইদহ জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শফিকুল ইসলাম শিমুল প্রধানমন্ত্রীর স্বপ্ন “গ্রামকে শহরে” রূপান্তরিত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে চলেছেন। শৈলকূপা উপজেলার উন্নয়নে নানামুখি কার্যক্রম পরিচালনা করে চলেছেন তিনি।

যে জনপদে চলতো অস্ত্রের ঝনঝনানি সেখানে ফিরে এসেছে শান্তির সু- বাতাস। দলের ত্যাগী নেতা-কর্মীদের মূল্যায়নসহ সর্বস্তরের কর্মী সমর্থকদের বিপদে-আপদে অভিভাবকের মতো সবসময় পাশে দাঁড়িয়েছেন শিমুল। সরকারি সুবিধার পাশাপাশি নিজ উদ্যোগে করোনাকালীন অসহায়, দরিদ্র মানুষের পাশে দাঁড়িয়ে অসামান্য অবদান রেখেছেন।

শফিকুল ইসলাম শিমুল বলেন, আমি দলীয় প্রতিশ্রুতি রক্ষা করেই প্রধানমন্ত্রী’র নির্দেশনা মোতাবেক জনগণের সেবক হিসেবে এই কাজ করেছি।

তিনি আরও বলেন, করোনার এই ক্রান্তিকালে আমি নিজের কথা ভাবিনি, ভেবেছি অসহায় মানুষের কথা। ছুটে গিয়েছি তাদের কাছে এবং সমাধান করেছি নানা সমস্যার। গ্রামের পাড়ায় পাড়ায় সরকারি সহযোগিতা ছাড়াও নিজ উদ্যোগে হাজার হাজার পরিবারকে খাদ্যসামগ্রী ও অর্থ বিতরণ করেছি।

এছাড়াও সাবান, হ্যান্ড স্যানিটাইজার ও মাস্ক বিতরণ করেছি। বিপদে-আপদে সবসময় অভিভাবকের মত অসহায় মানুষের পাশে থাকার চেষ্টা করেছি। আমি বিশ্বাস করি দল আমাকে মনোনয়ন দেবে। মনোনয়ন পেলে আমি জনগণের বিপুল ভোটে বিজয়ী হয়ে শৈলকূপা উপজেলার অসমাপ্ত কাজকে সমাপ্ত করতে পারবো ইনশাল্লাহ।

ঝিনাইদহে বালিয়াডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গাছ কেঁটে সাবাড়

ঝিনাইদহ সদর উপজেলার কালিচরণপুর ইউনিয়নের ৩৫ নং বালিয়াডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বেশ কয়েকটি গাছ কেঁটে সাবাড় করে দিয়েছে স্কুলের প্রধান শিক্ষিকা মিতা ঘোষ।

গতকাল বুধবার সরেজমিনে গিয়ে দেখা যায়, বিদ্যালয় প্রাঙ্গণের সামনে যেখানে ছিল অর্ধশত বছরের নারিকেল গাছ, জামগাছ, ভুত নিমসহ বেশ

কয়েকটি পুরাতন গাছ। যা এখন শুধু মরু ভূমিতে পরিণত হয়ে আছে।

স্থানীয়রা জানান, এই গাছের মধ্যে এমন একটি বড় জাম গাছ ছিল যার বয়স হবে আনুমানিক ৫০ বছর। এছাড়াও বেশ কয়েকটি গাছ ছিল যা দ্বারা স্কুলের প্রাকৃতিক সৌন্দর্য বৃদ্ধি পেয়েছিল। তাছাড়া জায়গাটিতেও ছিল ছায়া। কিন্তু হঠাৎ দেখি গাছগুলো নেই, গাছের ছায়াও চোখে পড়ে না। পরে দেখি গাছগুলো কেটে গাছের গোড়াই বালি দিয়ে ঢেকে রাখা হয়েছে।

বিষয়টি নিয়ে এলাকার মানুষের মাঝে তোলপাড়ের সৃষ্টি হয় যে, গাছ কেটে কেন গাছের গোঁড়া বালি দিয়ে ঢেকে রাখা হলো। এর রহস্য নিয়ে এলাকাবাসী ও অভিভাবকরা অভিযোগ করেন, দীর্ঘদিন ধরে প্রতিষ্ঠানে কোন কমিটি নেই। প্রধান শিক্ষক নিজের স্বার্থ হাসিলের জন্যই কমিটি গঠন করে না। প্রতিষ্ঠানে একটি কমিটি থাকলে স্বচ্ছতা ও জবাবদিহিতা থাকতো। যে কারণে প্রধান শিক্ষিকা তার নিজের ইচ্ছামত কাজ করে যাচ্ছেন। তাই স্কুলের গাছ কাঁটার সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন এলাকাবাসী।

এ ব্যাপারে স্কুলের প্রধান শিক্ষিকা মিতা ঘোষের কাছে জানতে চাইলে তিনি বলেন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) সুধাংশ শেখর বিশ্বাসকে জানিয়েই গাছ কাটা হয়েছে। তবে জাম গাছটির ব্যাপারে জমিদাতা স্থানীয় জব্বার কে দোষারোপ করে বলেন, জাম গাছটি সে কেটেছে।

জমিদাতা জব্বার হোসেনের কাছে বিষয়টি জানতে চাইলে তিনি বলেন, স্কুলের গাছ কাটার এখতিয়ার আমার নেই। এই গাছগুলো স্কুলের প্রধান শিক্ষিকা নিজে থেকেই কেটেছে। যে গাছগুলো কিনেছে, আপনি তার কাছে জিজ্ঞেসা করলে জেনে যাবেন।

এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) সুধাংশ শেখর বিশ্বাস বলেন, বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। তবে গাছ কাটার বিষয়ে তাকে জানিয়ে কাটা হয়নি বলে তিনি জানান।

তিনি বলেন, সরকারি প্রতিষ্ঠানের ৩শত টাকার গাছ কাটতে হলেও টেন্ডার করে কাটার নিয়ম রয়েছে, যদি নিজস্ব ক্ষমতাবলে কেটে থাকে তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহে বাল্যবিবাহ ও আত্মহত্যা প্রতিরোধ বিষয়ক কর্মশালা

ঝিনাইদহে বাল্যবিবাহ ও আত্মহত্যা প্রতিরোধ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার দুপুরে সদর উপজেলার আড়মুখী কিশোরী ক্লাবে এ কর্মশালার আয়োজন করে সৃজনী ফাউন্ডেশন ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন।

নলডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান কবির হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানার ওসি মিজানুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সৃজনী ফাউন্ডেশনের সিনিয়র প্রশাসনিক কর্মকর্তা এ্যাড. মোজাম্মেল হক, সৃজনী ফাউন্ডেশনের কৈশোর কর্মসূচির সিনিয়র প্রোগ্রাম অফিসার শান্তানুর রহমান, রেডিও ঝিনুকের স্টেশন ম্যানেজার পারভীন নাহার, প্রোগ্রাম অফিসার ইউনুচ আলী, স্থানীয় আওয়ামী লীগ নেতা আলাউদ্দিন মুসল্লি।

এ সময় বক্তারা সমাজ থেকে বাল্যবিবাহ ও আত্মহত্যা দুর করতে কিশোর-কিশোরীদের পাশাপাশি সমাজের সর্বস্তরের মানুষকে এগিয়ে আসার আহ্বান জানান। কর্মশালায় আড়মুখী কিশোরী ক্লাবের শতাধিক কিশোরী অংশগ্রহণ করে।